



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,  
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,  
ঢাকা-১০০০।  
ক্রেডিট বিভাগ-১

ফোন ৪ ৯৫৫০৪০৩  
পিএবিএক্স ৪ ৯৫৬০০২১-২২  
৯৫৬০০২৪-২৫  
৯৫৬০০৩১-৩৫  
ফ্যাক্স ৪ ৮৮-০২-৯৫৬১২১১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রঃবিঃ-১/৩(৭)/২০১৮-১৯/৭৪৮(১২০০)

তারিখঃ ১৮/০৬/২০১৯

- ০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ।
- ০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
- ০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ,  
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ব্যাংক ঋণের বিপরীতে জামানতি সম্পত্তির মূল্য নির্ধারণের জন্য জারীকৃত  
পরিপত্র নং ২৮/২০১৮ এর আংশিক সংশোধনী প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৮/২০১৮ তারিখ ১৯/১২/২০১৮ এর নির্দেশনা মোতাবেক ব্যাংক ঋণের বিপরীতে প্রস্তাবিত বন্ধকি স্থাবর সম্পত্তির মূল্য নিরূপণের নীতিমালা জারী করা হয়, যা বর্তমানে প্রচলিত আছে। উক্ত পরিপত্রের অনুলিপি নং ০৬(ক)(৩) মোতাবেক কর্পোরেট শাখাকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ৬০.০০ লক্ষ টাকার নিম্ন পর্যন্ত ঋণের ক্ষেত্রে বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তার কার্যালয়ের উপস্থিত কর্মকর্তা ও বিভাগীয় কার্যালয়ের প্রকৌশলীসহ ৫(পাঁচ) সদস্যের কমিটির মাধ্যমে জামানতি সম্পত্তির মূল্যায়ন কমিটি গঠন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ফলে কর্পোরেট শাখাসমূহে ২০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণ আবেদনকারীগণের ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ ও বন্ধকি স্থাবর সম্পত্তির মূল্যায়নের ক্ষেত্রে অপ্রত্যাশিতভাবে সময়ক্ষেপণ ও দীর্ঘসূত্রিতার উদ্ভব হওয়ায় জামানতি সম্পত্তির মূল্য নির্ধারণের জন্য জারীকৃত পরিপত্র নং ২৮/২০১৮ এর আংশিক সংশোধনী পরিচালনা পর্ষদের ১৬/০৬/২০১৯ তারিখে অনুষ্ঠিত ৭৩৬তম সভায় নিম্নরূপভাবে সদয় অনুমোদন প্রদান করা হয়ঃ-

“ব্যাংকের বিদ্যমান সার্কুলার মোতাবেক ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণাঙ্কের ক্ষেত্রে জামানতি সম্পত্তির মূল্য নির্ধারণের যে পদ্ধতির উল্লেখ রয়েছে উক্ত পদ্ধতিতে বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকাসহ অন্যান্য কর্পোরেট শাখা ২০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণাঙ্কের ক্ষেত্রে জামানতি সম্পত্তির মূল্য নির্ধারণের প্রস্তাবটি অনুমোদন করা হলো। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকাসহ অন্যান্য কর্পোরেট শাখার জন্য ২০.০০ লক্ষ টাকা পর্যন্ত ঋণাঙ্কের ক্ষেত্রে জামানতি সম্পত্তি মূল্যায়নের জন্য কোন কমিটির প্রয়োজন হবে না।

এ ক্ষেত্রে, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-২৮/২০১৮ তারিখ ১৯/১২/২০১৮ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।”

- ০২। এমতাবস্থায়, বর্ণিত সার্কুলার এর নির্দেশনা যথাযথভাবে পরিপালন পূর্বক ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ/সুপারিশ/মঞ্জুরির কার্যাদি সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(মোঃ শহিদুল ইসলাম)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

তারিখঃ ১৮/০৬/২০১৯

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রঃবিঃ-১/৩(৭)/২০১৮-১৯/৭৪৮(১২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক ১/২ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত সার্কুলার লেটার ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৭। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বিকেবি।
- ১০। নথি / মহানথি।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)  
সহকারী মহাব্যবস্থাপক  
(বিভাগীয় দায়িত্বে)  
ফোনঃ ৯৫৫০৪০৩